



**VG D**

মহিলা বিষয়ক অধিদপ্তর  
মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়

## আবেদন ফরম পূরণ নির্দেশিকা 2021-2022 চক্র

- আবেদনকারী অনলাইন থেকেই [www.dwavgd.gov.bd](http://www.dwavgd.gov.bd) এই ঠিকানায় লগইন পেইজ পাবেন।
- লগইন পেইজে " 2021-2022 চক্রের আবেদনপত্র-এ ক্লিক করুন।
- (\*) চিহ্নিত ঘরগুলো অবশ্যই পূরণ করতে হবে।

### ব্যক্তিগত তথ্য :

- জাতীয় পরিচয়পত্রের ঘরে সঠিক ভাবে ১০ অথবা ১৭ ডিজিটের জাতীয় পরিচয়পত্র নম্বর দিন
- পরিচয়পত্র নম্বর ১৩ ডিজিট হলে ১৩ ডিজিটের পূর্বে জন্মসাল যোগ করে 17 ডিজিট নম্বর দিন।
- জন্ম তারিখের ঘরে জাতীয় পরিচয়পত্রে যে জন্ম তারিখ আছে সেই জন্ম তারিখের দিন, মাস এবং বছর নির্বাচন করুন।
- **জাতীয় পরিচয়পত্র তথ্য: সবুজ** বাটনে ক্লিক করুন।
  - জাতীয় পরিচয়পত্রের নম্বর ও জন্মতারিখ সঠিক হলে আবেদনকারীর নাম (ইংরেজী), আবেদনকারীর নাম(বাংলা), পিতার নাম, মাতার নাম, বয়স **স্বয়ংক্রিয়ভাবে** পূরণ হবে এবং ছবি দেখা যাবে।
- **স্বামী / অভিভাবকের নাম**- স্বামী বা অভিভাবকের নাম লিখুন।
- **ধর্ম** -ধর্ম এর তালিকা থেকে নির্বাচন করুন।

- **মোবাইল নম্বর** - সঠিক মোবাইল নম্বর দিন। মোবাইল নম্বর ১১ ডিজিটের হতে হবে (০১\*\*\*\*\*\*)।

**যোগাযোগের তথ্য :**

- **বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়ন** এর নাম তালিকা থেকে নির্বাচন করুন।
- **ওয়ার্ড** - ওয়ার্ড নং এর তালিকা থেকে ওয়ার্ড নং নির্বাচন করুন।
- **গ্রাম** - এই ঘরে গ্রামের নাম লিখুন।
- **ডাকঘরের নাম**- ডাকঘ এর নাম লিখুন।
- **বাড়ির ঠিকানা পাড়ার/বাড়ির নাম)নাম**(- এই ঘরে বাড়ির ঠিকানা লিখুন।

**অন্যান্য তথ্যসমূহ :**

- বৈবাহিক অবস্থা, পরিবারের সদস্য সংখ্যা, পরিবারের উপার্জনকারী ব্যক্তির পেশা, ঘরের দেয়ালের ধরণ, জমির মালিকানা (বসতভিটা ও চাষযোগ্য) ইত্যাদি ডান পাশের তালিকা থেকে নির্বাচন করুন।

নিম্নোক্ত তথ্যের জবাব হ্যাঁ হলে হ্যাঁ এবং না হলে না এর গোল ঘরে ক্লিক করুন।

- স্থায়ী আয়ের উৎস
- সরকারি অন্য কোন কর্মসূচি/প্রকল্পের উপকারভোগী
- ২০১৭-২০১৮ এবং ২০১৯-২০২০ এর মধ্যে ভিজিডি কার্ডধারী ছিলেন
- পরিবারে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত কিশোরী
- পরিবারে অটিজম/কর্মে অক্ষম শারীরিক ও মানসিক প্রতিবন্ধী সদস্য-
- বাড়িতে বিদ্যুৎ সংযোগ আছে
- পরিবার প্রধান কি মহিলা
- পরিবারে কি উপার্জনক্ষম পুরুষ সদস্য আছে কিনা
- আবেদনকারী গর্ভবতী/সুস্থন্যদান করছেন কিনা

নীল বক্সের **সংরক্ষণ** বাটনে ক্লিক করুন।

সকল তথ্য সঠিক হলে সংরক্ষণ হবে এবং **“আবেদন সফলভাবে সাবমিট করা হয়েছে** মেসেজ পাবেন। **মেসেজ না পেলে** ফরম চেক করুন কোন তথ্যের ঘরের নিচে লাল দেখাচ্ছে কিনা। সে অনুযায়ী সংশোধন করুন। আবার **সংরক্ষণ** বাটনে ক্লিক করুন। বন্ধ করুন বাটনে ক্লিক করুন। **ধন্যবাদ।**